দৈনিক ইনকিলাব 50

তারিখ 07 JUN 1998
পৃষ্ঠা 1 কলাম 6

# ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে ছাত্রদল ও ছাত্র ঐক্যের বিক্ষোভ প্রদর্শন

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসটিতে এলামনাই কনভেনশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গমনের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্যের কর্মীরা ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেছে। বিপুলসংখ্যক পুলিশ, আর্মড পুলিশ ও গোয়েন্দা পুলিশের কঠোর নিরাপত্তার ফলে ক্যাম্পাস উত্তপ্ত না হলেও সকাল থেকেই থমথমে উত্তেজনা বিরাজ

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## বিক্ষোভ প্রদর্শন

প্রথম পৃষ্ঠার পর

করে। সকাল ১০টায় প্রধানমন্ত্রী টিএসসিতে যাবার পর ১০টা ৪০ মিনিটে ছাত্রদল মধুর ক্যান্টিন থেকে বিক্ষোভ মিছিল বের করে। মুখে কালো কাপড় বাঁধা প্রতিবাদী ছাত্রী কর্মীদের নিয়ে ছাত্রদলের মিছিলটি কলাভবন অতিক্রম করে আবার মধুর ক্যান্টিনের সামনে দিয়ে যাবার সময় ছাত্রলীগ কর্মীরা মিছিলটিকে ধাওয়া করে। পরে মিছিলটি কলাভবন থেকে দক্ষিণ দিকে রাস্তায় বের হবার গেটে গেলে পুলিশ গেট বন্ধ করে সেখানে ব্যারিকেড দিয়ে মিছিলে বাধা দেয়। তারা ব্যারিকেড ভাঙ্গার চেষ্টায় ব্যর্থ হয়ে সেখানে সমাবেশে মিলিত হয়। সমাবেশে ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্র ক্যাম্পাসে খুনী, ফ্যাসিস্ট, স্বাধীনতা-সার্বভৌমত্ব বিরোধী, সর্বক্ষেত্রে ব্যর্থ প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন বিশ্ববিদ্যালয়কে কলংকিত করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আপামর ছাত্র সমাজ এই ঘৃণ্য-জঘন্য ঘটনার দ্ব্যর্থহীন প্রতিবাদ জানায়।

একই সময়ে গণতান্ত্রিক ছাত্র ঐক্যও কলাভবন এলাকায় বিক্ষোভ মিছিল বের করে। অপরাজেয় বাংলা চত্বরে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে ছাত্র ঐক্য নেতৃবৃন্দ বলেন, ছাত্র সমাজের রক্তার্জিত দশ দফার সাথে বিশ্বাসঘাতকতাকারী প্রধানমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার কোন অধিকার নেই। তার হাত ছাত্র সমাজের রক্তমাখা। হল দখলদার সন্ত্রাসীদের লালনকারী প্রধানমন্ত্রীকে ছাত্রসমাজ ক্যাম্পাসে প্রত্যাখ্যান করে।

এরপর পরই মুজিববাদী ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাসে প্রধানমন্ত্রীকে স্বাগত জানিয়ে মিছিল বের করে। তারা বেলুন নিয়ে 'প্রধানমন্ত্রীর আগমন শুভেচ্ছা স্বাগত' শ্লোগান দিয়ে কলা ভবন অতিক্রম করে মধুর ক্যান্টিনে গিয়ে মিছিল শেষ করে।

ছাত্রদলের সমাবেশে সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি আবদুল খালেক, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন রানা, সাইফুল আলম নীরব ও শামসুজ্জামান সুরুজ বক্তব্য রাখেন।